

## চট্টগ্রামে এসএসসি পরীক্ষার ফরম পূরণ ১২ স্কুলকে অতিরিক্ত অর্থ ফেরত দেয়ার নির্দেশ জেলা প্রশাসনের

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম নগরীতে এসএসসি পরীক্ষার ফরম পূরণ ব্যবস্থা  
শিক্ষার্থীদের কাছ থেকে নেয়া অতিরিক্ত অর্থ ফিরিয়ে  
দেয়ার নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন। গত সোমবার  
চট্টগ্রাম জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিভিন্ন স্কুলের  
প্রধান শিক্ষকদের সঙ্গে বৈঠকে যেসব বেসরকারি স্কুল-  
সরকারি নীতিমালা অনুসরণ না করে অতিরিক্ত ভর্তি ফি  
আদায় করেছে তাদেরকে এ নির্দেশ দেয়া হয়েছে।  
বৈঠক শেষে চট্টগ্রাম জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন  
বলেন, এসএসসি পরীক্ষার ভর্তি ফরম পূরণের সময়  
১২টি বেসরকারি স্কুল নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ  
আদায় করেছে বলে আমরা তথ্য পেয়েছি। সেইসব স্কুল  
কর্তৃপক্ষকে আদায়ক অতিরিক্ত ফি আগামী এক  
সপ্তাহের মধ্যে ফেরত দেয়ার নির্দেশ দেয়া হয়েছে এবং  
এ বিষয়ে অন্য স্কুলগুলোকেও সতর্ক করে দেয়া  
হয়েছে। এ নির্দেশনা না মানলে ভবিষ্যতে তাদের  
এমপিও বাতিল করা হবে বলেও জানান তিনি।  
জেলা প্রশাসক জানান, কোন স্কুল নির্ধারিত ফি'র  
অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। যদি এ

ধরনের অভিযোগ পাওয়া যায় তাহলে সংশ্লিষ্ট স্কুলের  
বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। যেসকল বেসরকারি  
স্কুল অতিরিক্ত ফি নিয়ে শিক্ষার্থী ভর্তি করেছে বলে  
জেলা প্রশাসনের কাছে অভিযোগ এসেছে তার মধ্যে  
রয়েছে বারিক মিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়, দক্ষিণ  
হালিশহর উচ্চ বিদ্যালয়, সিটি পাইলট স্কুল এন্ড  
কলেজ, সানমুন স্কুল এন্ড কলেজ, আখাবাদ সরকারি  
কলোনী বালক ও বালিকা উচ্চ বিদ্যালয়, কলকাকলি  
উচ্চ বিদ্যালয়, খাজা আজমেরি উচ্চ বিদ্যালয়, সেন্ট  
গ্রাসিডস স্কুল, প্রবর্তক বিদ্যাপীঠ, জে এম সেন স্কুল।  
বৈঠকে নগরীর প্রায় ২০০টি স্কুলের প্রধানগণ উপস্থিত  
ছিলেন। প্রসঙ্গত, এসএসসি পরীক্ষার ফরম পূরণের  
জন্য বিজ্ঞান বিভাগে বিষয়ভেদে দেড় হাজার টাকা এবং  
মানবিক বিভাগে বিষয় ভেদে ১ হাজার ৪০০ টাকা  
নির্ধারণ করে দিয়েছে শিক্ষাবোর্ড। কিন্তু চট্টগ্রামের  
বিভিন্ন বিদ্যালয়ে সাড়ে ৪ হাজার থেকে ১২ হাজার  
টাকা পর্যন্ত নেয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে।  
অতিরিক্ত টাকার কোন রশিদ শিক্ষার্থীদের দেয়া হচ্ছে  
না বলেও অভিযোগ রয়েছে।